বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

প্রশাসন বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনে নিম্নবর্ণিত পদসমূহে কিছু সংখ্যক শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত পার্শ্বে উল্লিখিত জেলা/বিভাগের প্রকৃত স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নম্বর	পদের নাম	বেতনস্কেল	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা	পদের সংখ্যা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১।	ডাটা এন্ট্রি অপারেটর	৫৫০০-৩৪৫X৭-৭৯১৫-ইবি-৩৮০X১১-১২০৯৫	১৮-৩০ বছর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক পাস বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কর্পোরেশনের কম্পিউটার সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ও দক্ষ বিভাগীয়/কর্মরত উপযুক্ত প্রার্থীদের বেলায় এ শর্ত শিথিলযোগ্য। (খ) স্বাভাবিক যোগ্যতার মান যাচাই পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে (স্ট্যান্ডার্ড এ্যাপটিচিউড্ টেস্ট ফর ডাটা এন্ট্রি অপারেটর)। টাইপিং এ প্রতি মিনিটে ইংরেজিতে ২৮ এবং বাংলায় ২০ শব্দের গতি এবং কম্পিউটার বা ডাটা এন্ট্রি সংক্রান্ত অন্যূন ৬ (ছয়) মাসের প্রশিক্ষণ গ্রহণের সনদ থাকতে হবে।	৪৯	নোয়াখালী ও লক্ষ্মীপুর ব্যতীত সকল জেলার প্রার্থী।
০২।	ড্রাইভার	৪৭০০-২৬৫X৭-৬৫৫৫-ইবি-২৯০X১১-৯৭৪৫	১৮-৩০ বছর	ন্যূনতম ৮ম শ্রেণী পাস। মটরযান অধ্যাদেশ, ১৯৮৩ অনুযায়ী বৈধ লাইসেন্সের অধিকারী (হালকা যানবাহন চালানোর লাইসেন্স) হতে হবে।	০৪	**ঢাকা বিভাগঃ** গাজীপুর ও গোপালগঞ্জ জেলা ব্যতীত সকল জেলা। **চট্টগ্রাম বিভাগঃ** চট্টগ্রাম, কুমিল্লা ও ফেনী জেলা ব্যতীত সকল জেলা। **রাজশাহী বিভাগ (রংপুরসহ)ঃ** রাজশাহী, পাবনা ও কুড়িগ্রাম জেলা ব্যতীত সকল জেলা। **খুলনা বিভাগঃ** খুলনা ও সাতক্ষীরা জেলা ব্যতীত সকল জেলা। **বরিশাল বিভাগঃ** ঝালকাঠি, পিরোজপুর ও পটুয়াখালী জেলা ব্যতীত সকল জেলা। **সিলেট বিভাগঃ** সকল জেলা।
০৩।	ফটোকপি মেশিন অপারেটর	৪১০০-১৯০X৭-৫৪৩০-ইবি-২১০X১১-৭৭৪০	১৮-৩০ বছর	ন্যূনতম ৮ম শ্রেণী পাস। ফটোকপি মেশিন পরিচালনার কাজে ন্যূনতম ১ (এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	০৪	সকল জেলার প্রার্থী।
০৪।	পিয়ন	৪১০০-১৯০X৭-৫৪৩০-ইবি-২১০X১১-৭৭৪০	১৮-৩০ বছর	ন্যূনতম ৮ম শ্রেণী পাস।	৩০	**ঢাকা বিভাগঃ** মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, শরীয়তপুর ও টাংগাইল জেলা ব্যতীত সকল জেলা। **চট্টগ্রাম বিভাগঃ** ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী ও ফেনী জেলা ব্যতীত সকল জেলা। **রাজশাহী বিভাগ (রংপুরসহ)ঃ** পঞ্চগড়, ঠাকুরগাঁও, নাটোর ও লালমনিরহাট জেলা ব্যতীত সকল জেলা। **খুলনা বিভাগঃ** বাগেরহাট, ঝিনাইদহ ও চুয়াডাঙ্গা জেলা ব্যতীত সকল জেলা। **বরিশাল বিভাগঃ** বরিশাল, ঝালকাঠি ও পটুয়াখালী জেলা ব্যতীত সকল জেলা। **সিলেট বিভাগঃ** মৌলভীবাজার জেলা ব্যতীত সকল জেলা।

প্রার্থীকে নিম্নবর্ণিত তথ্যসহ উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর বরাবর আবেদন করতে হবে-

১। প্রার্থীর নাম, ২। পিতার নাম, ৩। মাতার নাম, ৪। বর্তমান ঠিকানা, ৫। স্থায়ী ঠিকানা, ৬। নিজ জেলার নাম, ৭। জাতীয়তা, ৮। জন্ম তারিখ, ৯। ৩১/০৮/২০১১খ্রিঃ তারিখে বয়স, ১০। ধর্ম, ১১। শিক্ষাগত যোগ্যতার বিবরণ, ১২। অভিজ্ঞতা (যদি থাকে), ১৩। প্রার্থী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা/উপজাতি/প্রতিবন্ধী/মহিলা/আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলের সদস্য কিনা।

শর্তাবলীঃ

১। ৩১/০৮/২০১১খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বিধি-মোতাবেক মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছরের মধ্যে হতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
২। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৩। অভিজ্ঞতার স্ব-পক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের সনদ দাখিল করতে হবে।
৪। পরীক্ষার ফি বাবদ প্রার্থীদেরকে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন, সদর দফতর, ঢাকা এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা হতে ক্রমিক ১ ও ২ এ বর্ণিত পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ক্রমিক ৩ ও ৪ এ বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৫। মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ছায়াকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
৬। উপজাতীয় প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
৭। আবেদনপত্রের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, যাবতীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এবং ১ম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ সংযুক্ত করতে হবে।
৮। নিজ জেলার স্ব-পক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভা/সিটি কর্পোরেশন এর মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৯। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
১০। প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক সে ঠিকানা সম্বলিত একটি ফেরত খাম (২৮X১১ সে.মি. সাইজের) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
১১। **আবেদনপত্র জমা দেয়ার সর্বশেষ সময়সীমা ০৫/১০/২০১১খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।** আবেদনপত্র জমা দেয়ার খামের উপর আবেদনকৃত পদের নাম এবং নিজ জেলার নাম লিখতে হবে।
১২। লিখিত/মৌখিক বা অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
১৩। নিয়োগের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
১৪। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
১৫। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি/নির্দেশ প্রযোজ্য হবে।

জিডি-৩৭০০

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ী, কুমিল্লা

ভর্তি বিজ্ঞপ্তি, শিক্ষাবর্ষঃ ২০১১-১২

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২০১১-১২ শিক্ষাবর্ষে বিভিন্ন অনুষদ-এ ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্তে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন মোবাইল ফোনের মাধ্যমে গ্রহণ করা হবে। আবেদন ফি ৫০০/- (পাঁচশত)+সার্ভিস চার্জ ৫০/- (পঞ্চাশ) টাকা। আবেদনের তারিখ ১০ সেপ্টেম্বর থেকে ২০ অক্টোবর, ২০১১ পর্যন্ত (দিন-রাত যে কোন সময়, এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে)।

আবেদনের যোগ্যতাঃ ২০১০/২০১১ সালে অনুষ্ঠিত এইচএসসি/আলীম/সমমানের পরীক্ষায় এবং ২০০৮/২০০৯ সালে অনুষ্ঠিত এসএসসি/দাখিল/সমমান পরীক্ষাতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

শর্তাবলীঃ বিজ্ঞান/সমমান শাখা থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের– এসএসসি ও এইচএসসি/সমমান (চতুর্থ বিষয়সহ) উভয় পরীক্ষায় মোট জিপিএ ৭.০০ এবং উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ পেতে হবে।

মানবিক/সমমান শাখা থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের– এসএসসি ও এইচএসসি/সমমান (চতুর্থ বিষয়সহ) উভয় পরীক্ষায় মোট জিপিএ ৬.৫০ এবং উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ পেতে হবে।

ব্যবসায় শিক্ষা/ডিপ্লোমা-ইন-কমার্স/কারিগরি/সমমান শাখা থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের– এসএসসি ও এইচএসসি/সমমান (চতুর্থ বিষয়সহ) উভয় পরীক্ষায় মোট জিপিএ ৬.৫০ এবং উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ পেতে হবে।

'O' লেভেল এবং 'A' লেভেল পরীক্ষায় পাসকৃত ছাত্র-ছাত্রীদের– উভয় পরীক্ষায় ন্যূনতম 'C' গ্রেড পেতে হবে। **সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বিদেশি প্রার্থীরা–** কর্তৃপক্ষের পূর্বানুমতি এবং সনদের সমমান নির্ধারণ সাপেক্ষে আবেদন করতে পারবেন, এ ধরনের শিক্ষার্থীদের নিম্নস্বাক্ষরকারীর অফিসে সরাসরি যোগাযোগ করতে হবে।

উল্লেখ্য A ইউনিট-এর বিষয়সমূহের মধ্যে **গণিত, পরিসংখ্যান, সিএসই, আইসিটি ও পদার্থবিজ্ঞান** বিভাগে ভর্তির জন্য এইচএসসি পর্যায়ে গণিত-এ জিপিএ ৩.০০ থাকতে হবে।

অনুষদ ও বিষয়ঃ

ফ্যাকাল্টি অব সায়েন্স (A ইউনিট)ঃ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন, পরিসংখ্যান।

ফ্যাকাল্টি অব আর্টস এন্ড হিউম্যানিটিজ/ফ্যাকাল্টি অব সোস্যাল সায়েন্স (B ইউনিট)ঃ বাংলা, ইংরেজি, নৃবিজ্ঞান, অর্থনীতি, লোক প্রশাসন।

ফ্যাকাল্টি অব বিজনেস স্টাডিজ (C ইউনিট)ঃ একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ব্যবস্থাপনা শিক্ষা, মার্কেটিং।

কম্বাইন্ড ইউনিট (D ইউনিট)ঃ এইচএসসি/সমমানের পরীক্ষায় অধীত গ্রুপ/বিভাগ পরিবর্তনের জন্য কম্বাইন্ড ইউনিট (D ইউনিট) -এর মাধ্যমে ভর্তি পরীক্ষা দিতে হবে।

আসন বিন্যাসঃ

বিভাগ	আইসিটি	সিএসই	গণিত	পদার্থ-বিজ্ঞান	রসায়ন	পরিসংখ্যান	বাংলা	ইংরেজি	নৃবিজ্ঞান	অর্থনীতি	লোক প্রশাসন	এআইএস	ব্যবস্থাপনা	মার্কেটিং
আসন সংখ্যা	৪৩	৪৩	৫২	৪৩	৪৩	৪২	৪৩	৫২	৪৩	৫২	৫২	৫২	৫২	৫২
কোটা	২	২	৩	২	২	৩	২	৩	২	৩	৩	৩	৩	৩
মোট	৪৫	৪৫	৫৫	৪৫	৪৫	৪৫	৪৫	৫৫	৪৫	৫৫	৫৫	৫৫	৫৫	৫৫

মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়াঃ (ক) ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি **টেলিটক প্রিপেইড** মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে COU <স্পেস> এইচএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> এইচএসসি পরীক্ষার রোল নম্বর <স্পেস> এইচএসসি পাসের সাল <স্পেস> এসএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> এসএসসি পরীক্ষার রোল নম্বর <স্পেস> এসএসসি পাসের সাল <স্পেস> কাঙ্খিত ইউনিটের কীওয়ার্ড লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ COU DHA 123456 2011 DHA 123456 2009 A.

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং COU A ইউনিটের জন্য। এখানে ১২৩৪৫৬ এর জায়গায় যথাক্রমে আবেদনকারীর নিজের এইচএসসি এবং এসএসসি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। কেউ ২০১০ সালে এইচএসসি পাস করে থাকলে ২০১১ এর জায়গায় ২০১০ লিখতে হবে। **(খ)** বিভিন্ন বোর্ডের জন্য লিখতে হবে কুমিল্লা (COM), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), সিলেট (SYL), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), কারিগরি (Vocational-VOC, Diploma in Business Studies-DIB, Diploma in Commerce-DIC, HSC in Business Management-HBM, Foreign-OT)। **(গ)** উপরের SMSটি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN নম্বর জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আবেদনকারীকে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে COU <স্পেস> YES <স্পেস> PIN নম্বর <স্পেস> **মোবাইল নম্বর** লিখে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে। এখানে মোবাইল নম্বরের জায়গায় আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য নিজে ব্যবহার করতে পারে এমন কোন অপারেটরের একটি মোবাইল নম্বর লিখতে হবে।

উদাহরণঃ COU YES 654321 01XXXXXXXXX.

এই উদাহরণের ৬৫৪৩২১ এর জায়গায় আবেদনকারীর নিজ **PIN নম্বরটি** বসাতে হবে। উল্লেখ্য, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

(ঘ) আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলের পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি SMS এর মাধ্যমে সাথে সাথেই ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না।

(ঙ) 'O'/ 'A' লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ COU GCE 123456 2011 A এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর A-level এর নিজ নিজ candidate নম্বরটি বসাতে হবে।

(চ) কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীর ক্ষেত্রেঃ নির্দিষ্ট কোটায় আবেদন করতে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে। নির্দিষ্ট কোটাসমূহ: মুক্তিযোদ্ধা সন্তান কোটা (FFQ), উপজাতি কোটা (TQ), অ-উপজাতি কোটা (NTQ), শারীরিক প্রতিবন্ধী কোটা (PDQ)। এখানে অ-উপজাতি বলতে উপজাতি অঞ্চলে স্থায়ীভাবে বসবাসকারী বাঙালিদের বোঝানো হয়েছে।

উদাহরণঃ COU DHA 123456 2011 DHA 123456 2009 A FFQ

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং COU A ইউনিটের মুক্তিযোদ্ধার সন্তান (FFQ) কোটার জন্য।

ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীর করণীয়:

(ক) ভর্তি পরীক্ষার দিন **দুই কপি পাসপোর্ট সাইজের ছবির** পিছনে নাম ও প্রদত্ত ভর্তি পরীক্ষার রোল নম্বর লিখে অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। এই দুই কপি ছবি ভর্তি পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। (খ) ভর্তি পরীক্ষা এক ঘণ্টা সময়ের ১০০ নম্বরে MCQ পদ্ধতিতে গ্রহণ করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। (গ) **ভর্তি পরীক্ষায় মোট ১০০টি প্রশ্নের মান বণ্টন হবে নিম্নরূপ:** A ইউনিট– ইংরেজি-১৫, বাংলা-১০, গণিত-২৫, পদার্থবিজ্ঞান-২৫, রসায়ন-২৫। B ইউনিট– ইংরেজি-২০, বাংলা-২০ এবং কলা ও সামাজিক বিজ্ঞান বিষয়ে-৬০। C ইউনিট– ইংরেজি-২০, বাংলা-১০, হিসাববিজ্ঞান-২৫, ব্যবসায় পরিচিতি ও ব্যাংকিং-২৫, Analytical Ability & Critical Reasoning-২০। D ইউনিট– ইংরেজি-২০, বাংলা-১০, সাধারণ জ্ঞান-১০ এই তিন বিষয়ে মোট ৪০ নম্বর সকল প্রার্থীকে বাধ্যতামূলক উত্তর করতে হবে। তাছাড়া ব্যবসায় শিক্ষা বিষয়ে–৬০ নম্বর (বাণিজ্য বিভাগ থেকে আসা ছাত্র-ছাত্রীদের জন্য) অথবা বিজ্ঞান বিষয়ে–৬০ নম্বর (বিজ্ঞান বিভাগ থেকে আসা ছাত্র-ছাত্রীদের জন্য) অথবা কলা ও সামাজিক বিজ্ঞান বিষয়ে–৬০ নম্বর (মানবিক বিভাগ থেকে আসা ছাত্র-ছাত্রীদের জন্য) উত্তর করতে হবে।

ভর্তি পরীক্ষার তারিখ ও সময়:

তারিখ	দিন	A ইউনিট	B ইউনিট	C ইউনিট	D ইউনিট
২৫ নভেম্বর ২০১১	শুক্রবার	সকাল ১০.০০	সকাল ১০.০০	দুপুর ১২.০০	অপরাহ্ন ৩.০০

পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে অবশ্যই আসন গ্রহণ করতে হবে, এই সময় প্রার্থীকে প্রবেশপত্র বিতরণ করা হবে এবং পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থীই হল ত্যাগ করতে পারবে না। ভর্তি পরীক্ষার স্থান, আসন বিন্যাস ও সংশ্লিষ্ট তথ্য যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে জানা যাবে।

কুমিল্লা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট: www.cou.ac.bd **Help line: 01557-330381/01557-330382**

বি:দ্র: ভর্তি সংক্রান্ত যে কোনো নিয়ম-নীতির পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

জিডি-৩৬৩৯

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দীর্ঘদিন যাবৎ ব্যবসায়িক কার্যক্রম বিহীন বাংলাদেশ এ্যারোমা টি লিমিটেড এর বিলম্বিত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ও পরিচালনা পর্ষদ পুর্নগঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ কাজে উক্ত কোম্পানীর সম্মানীত শেয়ার হোল্ডারদের সক্রিয় সহযোগিতা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে কোম্পানীর শেয়ার হোল্ডারদের-কে নিজ নিজ মালিকানাধীন শেয়ারগুলোর সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপিসহ তাদের হালনাগাদ পূর্ণ ঠিকানা, কোম্পানী সেক্রেটারী, বাংলাদেশ এ্যারোমা টি লিমিটেড, ফৌজদারহাট শিল্প এলাকা, চট্টগ্রাম ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

নবী হোছাইন
উপ-পরিচালক (বাণিজ্য)
বাংলাদেশ চা বোর্ড
ও
কোম্পানী সেক্রেটারী
বাংলাদেশ এ্যারোমা টি লিমিটেড

জিডি-৩৬৯৭

Government of the People's Republic of Bangladesh

Ministry of Power, Energy and Mineral Resources
Power Division
Power Sector Capacity Development Program (PSCDP)
1, Abdul Goni Road, Biddyut Bhaban (10th Level), Dhaka-1000

Memo No. PSCDP/PMU/400.01/2011/315 Date: 05/09/2011

Notice of Time Extension/Amendment for Bidding Document

Sub: Procurement of Training Equipment under PSCDP

Invitation Ref: MPEMR/PSCDP/PMU/300.03/2008/260, Date: 28/07/2011

The date for submission of bid documents has been extended up to September 25, 2011 instead of September 11, 2011. In this regard, some amendments have been made in the abovementioned bid documents. The amendments are available in the power division's website: http://www.powerdivision.gov.bd, CPTU website and in the project office. The other terms, conditions & provisions will be the same as in the bidding documents.

Interested bidders intending to submit bid should check the above websites or contact project office. These amendments will be an integral part of the bidding documents.

Tapos Kumar Roy
Project Director, PSCDP
&
Additional Secretary, Power Division
MPEMR

GD-3677

রাষ্ট্রপতির কার্যালয়

জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা

নং-০১.০১২.০৩৯.০২.০০.০৩৭.২০১০-১৯২ তারিখঃ ০৬/০৯/২০১১

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

মন্ত্রণালয়/বিভাগ	ঃ	রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।
সংস্থার নাম	ঃ	রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।
সংগ্রহকারী সত্তার নাম	ঃ	রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।
যে জন্য দরপত্র আহ্বান	ঃ	রঙ্গিন ছবি মুদ্রণ ও পরিস্ফুটন।
দরপত্রের স্মারক নং ও তারিখ	ঃ	-----
সংগ্রহ পদ্ধতি	ঃ	উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি।
বাজেট ও অর্থের উৎস	ঃ	রাজস্ব বাজেট।
দরপত্র বিক্রয় শুরু	ঃ	০৮ সেপ্টেম্বর ২০১১।
সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	ঃ	২২ সেপ্টেম্বর ২০১১।
দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়	ঃ	২৫ সেপ্টেম্বর ২০১১ বেলা ১২.০০ ঘটিকা।
দরপত্র খোলার তারিখ ও সময়	ঃ	২৫ সেপ্টেম্বর ২০১১ বেলা ১২.৩০ ঘটিকা।
ক) সিডিউল বিক্রয়ের স্থান	ঃ	সেবা শাখা, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
খ) দরপত্র গ্রহণের স্থান	ঃ	বঙ্গভবন প্রধান ফটকের অভ্যর্থনা কক্ষে রক্ষিত টেন্ডার বাক্স।
গ) দরপত্র খোলার স্থান	ঃ	সিনিয়র সহকারী সচিব (প্রঃ), রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ-এর অফিস কক্ষ, পিজিআর বিল্ডিং, বঙ্গভবন, ঢাকা।
দরদাতার যোগ্যতা	ঃ	সিডিউল অনুযায়ী যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠান।
দরপত্র সিডিউলের মূল্য	ঃ	৩০০/- (তিনশত) টাকা (অফেরতযোগ্য) পোস্টাল অর্ডার।
জামানতের পরিমাণ	ঃ	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।
দরপত্র আহ্বানকারীর নাম	ঃ	জন্নাতুন নাঈম।
দরপত্র আহ্বানকারীর পদবী	ঃ	সিনিয়র সহকারী সচিব (সেবা)।
দরপত্র আহ্বানকারীর ঠিকানা	ঃ	সেবা শাখা, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, পিজিআর ভবন (২য় তলা), বঙ্গভবন, ঢাকা।
যোগাযোগের ঠিকানা	ঃ	ফোন নং-৯৫৬৯২৯৭, ৯৫৬৮০৪১- Ext. ২৫৯।

বিশেষ দ্রষ্টব্যঃ

(ক) আলোচ্য দরপত্র The Public Procurement Act-2006 এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি মোতাবেক পরিচালিত হবে।
(খ) সিনিয়র সহকারী সচিব (সেবা), জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা-এর বরাবরে প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে লিখিত আবেদনের মাধ্যমে সিডিউলের শর্ত মোতাবেক দরপত্র দাখিল করতে হবে।
(গ) দরপত্র দাখিলের সময় হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদ, টিআইএনসহ হালনাগাদ আয়কর পরিশোধের সনদ, ব্যাংক সলভেন্সী সনদ এবং কাজের অভিজ্ঞতার সনদপত্র দাখিল করতে হবে।
(ঘ) দরপত্র খোলার নির্দিষ্ট তারিখে কোন কারণে দরপত্র খোলা সম্ভব না হলে তা পরবর্তী কার্যদিবসে নির্ধারিত সময়ে খোলা হবে।
(ঙ) দরপত্র সিডিউলের মূল্য এবং দরপত্র জামানত যে কোন তফসিলি ব্যাংকে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার আকারে সিনিয়র সহকারী সচিব (সেবা), জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা-এর অনুকূলে প্রদান করতে হবে।
(চ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

জন্নাতুন নাঈম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৯২৯৭

জিডি-৩৬৮৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন)
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৩৫.১১.০০১.১১-১০০৮ তারিখঃ ০৬/০৯/২০১১খ্রিঃ

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত শূন্য পদে লোক নিয়োগের জন্য ভূমি মন্ত্রণালয় হতে গত ২৫/০৮/২০১১ তারিখে ৩১.০০.০০০০.০৩৫.১১.০০১.১১-৯৮৫ নং স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বিজ্ঞপ্তিটি গত ০৩/০৯/২০১১ তারিখে "দি ডেইলি স্টার" এবং ০৫/০৯/২০১১ তারিখে "দৈনিক প্রথম আলো" পত্রিকায় প্রকাশিত হয়েছে। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আংশিক সংশোধন করা হয়েছে। সংশোধিত বিজ্ঞপ্তি অনুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১	হিসাবরক্ষক ৬,৪০০-১৪,২৫৫/-	১(এক)টি	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রি। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
০২	সহকারী হিসাবরক্ষক ৫,৫০০-১২,০৯৫/-	১(এক)টি	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রি।
০৩	ক্যাশিয়ার ৫,২০০-১১,২৩৫/	১(এক)টি	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রি।
০৪	কম্পিউটার অপারেটর ৫,৫০০-১২,০৯৫/-	২(দুই)টি	a) Graduate, preferably Science, Relaxable for Departmental Data Entry/Control Operators with at least 2 years. b) Must qualify Operator's aptitude test.
০৫	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ৫,৫০০-১২,০৯৫/-	১১(এগার)টি	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত। গ) শর্টহ্যান্ড গতি প্রতি মিনিটে ইংরেজি-৭০ শব্দ ও বাংলা-৪৫ শব্দ। ঘ) ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ ও ইংরেজি-৩০ শব্দ।
০৬	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৪,৭০০-৯,৭৪৫/-	৩(তিন)টি	ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমান পরীক্ষায় উর্ত্তীণ। খ) কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত। গ) ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায়-২০ শব্দ ও ইংরেজি-২০ শব্দ থাকতে হবে।
০৭	এমএলএসএস ৪,১০০-৭,৭৪০/-	১০(দশ)টি	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলীঃ

০১। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্বামী/স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (ঙ) বর্তমান ঠিকানা (চ) স্থায়ী ঠিকানা (ছ) জন্ম তারিখ (জ) বয়স (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) (ট) জাতীয়তা (ঠ) ধর্ম (ড) জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে) (ঢ) নিজ জেলার নাম উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ০৫/১০/২০১১ তারিখে ৫.০০টার মধ্যে অবশ্যই সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ঠিকানায় পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর দরখাস্ত গ্রহণ করা হবে না।

০২। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ-
(ক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নামাঙ্কিত সীলমোহরসহ সত্যায়িত নাগরিকত্ব সনদপত্র।
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও সাম্প্রতিক সময়ে তোলা প্রার্থীর ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র।
(ঘ) কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর এবং অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য সরকার কর্তৃক স্বীকৃত/অনুমোদিত প্রতিষ্ঠান হইতে সাঁট-মুদ্রাক্ষরিক লিখন ও কম্পিউটার টাইপের গতি সনদের সত্যায়িত কপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

০৩। ৩০/০৮/২০১১খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বৎসর ও সর্বোচ্চ ৩০ বৎসরের বেশী হবে না। মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনরূপ এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

০৪। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে অবশ্যই সরকারের সর্বশেষ সার্কুলার অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সার্টিফিকেটের অনুলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

০৫। মুক্তিযোদ্ধা, মহিলা, এতিমখানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও উপজাতীয় প্রার্থীদের কোটা সরকারি নীতিমালা অনুযায়ী সংরক্ষণ করা হবে। এই সকল প্রার্থীকে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এতদ্‌সংক্রান্ত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

০৬। এই নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান মোতাবেক সকল প্রকার কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

০৭। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে। এই ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নহে।

০৮। দরখাস্তের সাথে পরীক্ষার ফি বাবদ ৩য় শ্রেণীর ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা ও ৪র্থ শ্রেণীর ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকা সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), ভূমি মন্ত্রণালয়ের অনুকূলে ট্রেজারী চালানের মাধ্যমে "১/৪৬০১/০০০১/২০৩১" কোডে জমাপূর্বক চালানের মূলকপি আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯। আবেদনপত্রের সাথে প্রার্থীর নিজের নাম ও বর্তমান ঠিকানা সম্বলিত ০৫(পাঁচ) টাকার অব্যবহৃত স্ট্যাম্পযুক্ত একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামের উপর পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

১০। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচি সম্পর্কে প্রার্থীদেরকে যথাসময়ে তাঁদের বর্তমান ঠিকানায় জানানো হবে। প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১১। নিয়োগের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানের কিংবা সকল আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় ডাকতে বাধ্য থাকবে না।

১৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৪। এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল অথবা বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং প্রয়োজন বোধে যে কোন সংযোজন, পরিবর্তন বা পরিবর্ধন করতে পারেন।

সুরাইয়া পারভীন শেলী
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৬০৮৫

জিডি-৩৬৯৫